

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ :


আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ডের বৃত্তির

পুনঃবিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষে অধ্যয়নরত(২০১৮ব্যাচের)সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের নবীন শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **"Arif Ahmed Scholarship Fund"** এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উল্লিখিত বিভাগগুলো থেকে ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে **(যা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে)** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্রসহ এ্যাডভাইজার, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র গত ২৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা হয়। বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার কারণে উক্ত আবেদনপত্র জমা দেয়ার মেয়াদ আগামী ১৯/০৯/২০১৯ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। গত ২৭/০৮/২০১৯ ইং তারিখের মধ্যে যে সকল ছাত্র/ছাত্রী আবেদন করেছে তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

শর্ত সমূহ :

- ১) প্রার্থীকে অবশ্যই গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ২) প্রাথমিকভাবে একটি টার্মের জন্য এই বৃত্তি প্রদান করা হবে, যা সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে (কমপক্ষে জিপিএ ৩.০০) ৪র্থ বর্ষ পর্যন্ত নিয়মিত টার্ম গুলোতে অব্যাহত থাকবে।
- ৩) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলা পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ৪) বৃত্তি প্রদানের জন্য অনুমোদিত নীতিমালা অনুযায়ী বৃত্তি বন্টন করা হবে।
- ৫) প্রতি মাসে বৃত্তির পরিমাণ হবে ২৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা) এবং বই ও আনুসঙ্গিক উপকরণ কেনার জন্য প্রতি টার্মে এককালীন ১০০০/- (এক হাজার টাকা মাত্র) প্রদান করা হবে।
- ৬) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের **"Arif Ahmed Scholarship Fund"** যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।
- ৭) বিভিন্ন ব্যাংক বা ইমদাদ সিতারা ফাউন্ডেশন থেকে ৪ বছরের জন্য বৃত্তি প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।


রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

৭০৪/১৪

তারিখ : ২৮/০৮/১৯

